

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩ ১৫

আগরতলা, ২৭ ডিসেম্বর, ২০২৪

প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং প্রয়াত

সারা দেশে ৭ দিন রাষ্ট্রীয় শোক

প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর প্রতি সম্মান প্রদর্শন স্বরূপ সারা দেশে ৭ দিন রাষ্ট্রীয় শোক পালন করা হবে। প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং গতকাল রাতে নয়াদিল্লীর এইসমস্ত শেষ নিশ্চাস ত্যাগ করেন। ২৬ ডিসেম্বর, ২০২৪ থেকে ১ জানুয়ারি, ২০২৫ পর্যন্ত এই রাষ্ট্রীয় শোক পালন করা হবে। ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রক থেকে এই সংবাদ জানিয়ে বলা হয়েছে, রাষ্ট্রীয় শোক চলাকালীন সময়ে সারা দেশের যে সমস্ত স্থানে জাতীয় পতাকা নিয়মিত উত্তোলিত থাকে সেখানে পতাকা অর্ধনমিত থাকবে। এই সময়ে সরকারিভাবে কোন বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন করা হবে না। প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং-এর অন্ত্যেষ্টিক্রিয়া রাষ্ট্রীয় মর্যাদায় সম্পাদন করা হবে। অন্ত্যেষ্টিক্রিয়ার দিন বিভিন্ন দেশে ভারতের মিশন/হাই কমিশনে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।
